সমকাল

তারিখ 05 AUG 2015
পৃষ্ঠা ৭ কলাম ৬

# এবার ভিসির কক্ষেই শাবি শিক্ষকদের অবস্থান

■ সিলেট ব্যুরো

শিক্ষামন্ত্রী নুরুল ইসলাম নাহিদের আশ্বাসে কয়েক দিন অবস্থান কর্মসূচি স্থগিত রাখলেও ফের একই কর্মসূচি পালন করলেন শাহজালাল বিজ্ঞান ও প্রযুক্তি বিশ্ববিদ্যালয়ের (শাবি) ভিসিবিরোধী শিক্ষকরা। গতকাল মঙ্গলবার প্রায় দুই ঘণ্টা 'মহান মুক্তিযুদ্ধের চেতনায় উদ্বুদ্ধ শিক্ষক পরিষদের' শিক্ষকরা ভিসির অফিস কক্ষ ও পাশের কক্ষে অবস্থান কর্মসূচি পালন করেন। শিক্ষামন্ত্রীর উদ্যোগের আগে ভিসি অধ্যাপক ড. আমিনুল হক ভুঁইয়ার অপসারণ দাবিতে আন্দোলনরত শিক্ষকরা ভিসি ভবনের বাইরে টানা ৩২ দিন অবস্থান কর্মসূচি পালন করেছিলেন।

গতকাল বেলা ১১টায় ভিসির কার্যালয়ে প্রবেশ করে আন্দোলনকারী অবস্থান নেওয়ার পাশাপাশি কর্মকর্তা-কর্মচারীদের ভিসির কক্ষে প্রবেশে বাধা দেন বলে প্রত্যক্ষদর্শীরা জানান। এ সময় অফিস কক্ষেই অবস্থান করছিলেন ভিসি